

# সব শিক্ষাপ্রতিষ্ঠানে নতুন নির্দেশনা দিয়ে মাউশির চিঠি

অনলাইন ডেক্স



ফাইল ছবি

জুলাই গণ-অভ্যর্থনা বর্ষপূর্তি উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠানে '২৪-এর  
রঙে গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা' বাস্তবায়ন ও মূল্যায়ন  
কমিটি গঠন নিয়ে নতুন নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
অধিদপ্তর (মাউশি)। এই প্রতিযোগিতা বাস্তবায়ন ও মূল্যায়নে  
মহানগর, জেলা, উপজেলা ও বিভাগীয় পর্যায়ে ৭ সদস্যের কমিটি  
করতে বলা হয়েছে।

গতকাল রবিবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের এক চিঠিতে  
এ তথ্য জানানো হয়েছে। প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্টদের কাছে চিঠি  
পাঠানো হয়েছে।

আগামী আগস্ট মাসের শুরুতে অনুষ্ঠিতব্য এই প্রতিযোগিতায় অংশ  
নিতে পারবে দেশের সব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের

শিক্ষার্থী। আর এতে অংশ নিয়ে জাতীয় পর্যায়ে উত্তীর্ণ হলে মিলবে

৫ লাখ টাকার পুরস্কার।

চিঠিতে বলা হয়েছে, উপজেলা ও মহানগর পর্যায়ের কমিটি ১৫

থেকে ১৭ জুলাইয়ের মধ্যে প্রতিযোগিতা শেষ করবে। বিজয়ী ৩

প্রতিষ্ঠানের নাম জেলা কমিটির কাছে পাঠাবে।

জেলা কমিটি ১৯ থেকে ২০ জুলাইয়ের মধ্যে প্রতিযোগিতা শেষ

করে বিজয়ী ৩ প্রতিষ্ঠানের নাম বিভাগীয় কমিটির কাছে পাঠাবে।

বিভাগীয় পর্যায়ের কমিটি ২২ থেকে ২৩ জুলাইয়ের মধ্যে

প্রতিযোগিতা শেষ করে বিজয়ী ৩ প্রতিষ্ঠানের নাম কেন্দ্রীয়

কমিটির কাছে পাঠাবে।

বিজয়ীদের গ্রাফিতি চিত্রাঙ্কন প্রতিযোগিতার ফল প্রকাশের পর

([julyforever.gov.bd](http://julyforever.gov.bd)) ওয়েবসাইটে আপলোড করা হবে।

আয়োজনকে আরো উৎসাহব্যঞ্জক করতে পুরস্কারের ব্যবস্থা

রেখেছে সরকার।

উপজেলা বা থানা পর্যায়ে প্রথম পুরস্কার ৭ হাজার টাকা, দ্বিতীয়

পুরস্কার ৫ হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার ৩ হাজার টাকা।

জেলা পর্যায়ে প্রথম পুরস্কার ১০ হাজার, দ্বিতীয় ৭ হাজার এবং

তৃতীয় ৫ হাজার টাকা। বিভাগীয় পর্যায়ে প্রথম পুরস্কার ৩ লাখ,

দ্বিতীয় ২ লাখ এবং তৃতীয় ১ লাখ টাকা।

সবশেষে জাতীয় পর্যায়ে একটি মাধ্যমিক এবং একটি উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানকে চূড়ান্তভাবে নির্বাচিত করে প্রতিটিকে দেওয়া হবে ৫ লাখ টাকা পুরস্কার। এ ছাড়াও প্রতিযোগিতা আয়োজনে উপজেলা পর্যায়ে ৩০ হাজার টাকা, জেলা পর্যায়ে ৫০ হাজার এবং বিভাগীয় পর্যায়ে ৫০ হাজার টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।